

## মুহূর্তেই শেষ ঢাকা-করাচি ফ্লাইটের টিকিট

- A Monitor Desk Report

Date: 13 January, 2026



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স করাচি-ঢাকা সরাসরি ফ্লাইটের টিকিট বিক্রি শুরুর কয়েক ঘণ্টার মধ্যেই সব টিকিট শেষ হয়ে গেছে।

বিমান কর্তৃপক্ষ জানিয়েছে, ২৯ জানুয়ারি থেকে এই রুটে সপ্তাহে হিন্দু ফ্লাইট চলাচল শুরু হবে। ২০১২ সালের পর এই প্রথম দুই দেশের মধ্যে নিয়মিত সরাসরি আকাশপথে যোগাযোগ শুরু হচ্ছে।

বিমানের মহাব্যবস্থাপক (জেনসংযোগ) বোসরা ইসলাম জানান, সপ্তাহে ২টি ফ্লাইট নিয়ে করাচি-ঢাকা রুটে উড়োজাহাজ চলাচল পুনরায় চালু করা হচ্ছে। সরাসরি ফ্লাইট চালু হলে দুই দেশের মধ্যে যোগাযোগ সহজ হবে, বাড়বে ব্যবসায়ী, পর্যটক ও পরিবারগুলোর যাতায়াত সুবিধা।

ঢাকা থেকে পাকিস্তান যেতে দীর্ঘ ১৪ বছর ধরে যাত্রীরা দুবাই ও দোহার মতো ট্রানজিট পয়েন্টের উপর নির্ভর করতো। ঢাকা ও ইসলামাবাদের মধ্যে সামগ্রিক যোগাযোগের উন্নতির লক্ষণ দেখা যাওয়ায় টিকিট বিক্রিতে এই অভাবনীয় সাড়া পাওয়া গেছে।

২০২৪ সালের নভেম্বরে করাচি ও চট্টগ্রাম বন্দরের মধ্যে কার্গো শিপিং পুনরায় শুরু হয়। গত মাসে পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের সঙ্গে বৈঠকে জানুয়ারিতে সরাসরি ফ্লাইট শুরুর কথা জানান।

সংশ্লিষ্টরা বলছেন, ঢাকা-করাচি সরাসরি ফ্লাইট পুনরায় চালু হওয়া শুধু একটি নতুন রুট নয়, বরং দীর্ঘদিনের স্থবরতার পর দুই দেশের সম্পর্কের গতি ফেরানোর একটি বাস্তব উদাহরণ হিসেবেই দেখা হচ্ছে।

-B